



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

সমাজকর্ম বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৪ মার্চ ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে সমাজকর্ম বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন। ১৪ মার্চ ২০২৩ তারিখ সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে নতুন এ বিভাগের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় নবাগত শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান এবং তাদের উদ্দেশ্যে বলেন, জীবনে সফলতার জন্য তোমাদেরকে সময়ানুবর্তি ও নিয়মানুবর্তি হতে হবে। জীবনের প্রতিটি ক্ষেত্রে সৎ থাকতে হবে। হতাশ হলে চলবে না। তোমরা যদি এবিষয়গুলোকে তোমাদের জীবনে প্রতিফলন ঘটাতে পার তাহলে সফলতা অনিবার্য। এসময় তিনি আরও বলেন, আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ মানবসম্পদ সৃষ্টির কোন বিকল্প নেই। তোমরা যে যে বিভাগেই পড়ছো না কেন সে বিষয়কে গুরুত্ব দিয়ে পড়তে হবে, যাতে করে তোমরা তোমাদের উদ্ভাবনী শক্তির মাধ্যমে ভবিষ্যতে দেশের জন্য কাজ করে যেতে পার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম। এছাড়াও নবাগত শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন সাইফুল ইসলাম। অনুষ্ঠানে সমাজকর্ম বিভাগের নবাগত শিক্ষার্থীদের ফুলদিয়ে বরণ করে নেয়া হয়। সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অসীম কুমার নন্দীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. শফিউল আলম, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক রিফাত মাহমুদ, প্রক্টর ড. খোরশেদ আলম, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান রিফাত ফেরদাউস এবং সমাজবিজ্ঞান বিভাগের প্রভাষক ও সমাজকর্ম বিভাগের খন্ডকালীন শিক্ষক ফারজানা আফরোজসহ বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিএনসিসি নৌ শাখার ক্যাডেট আসমা হারুন। উল্লেখ্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গত ২৭ ডিসেম্বর ২০২২ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম নামে একটি নতুন বিভাগের অনুমোদনসহ চলতি ২০২১-২২ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির অনুমতি প্রদান করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস